

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৭৫

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ এই দুনিয়াতে যারা সম্পদশালী কিয়ামতের দিন তাদের জান্নাতে প্রবেশ করা থেকে দীর্ঘদিন পর্যন্ত আটকে রাখা হবে

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ أَصْحَابَ الْجَدِّ فِي هَذِهِ الدُّنْيَا يُحْبَسُونَ فِي الْقِيَامَةِ عَنْ دُخُولِ الْجَنَّةِ مدة

আরবী

675 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ [قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ] قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ أَبِي عَنْ أَبِي عَنْ أَسَامَةَ بْنِ زَيْدِ عَنْ أَسَامَةَ مْنْ يَدْخُلُهَا عَنِ النَّهِ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (قُمْتُ عَلَى بَابِ الْجَنَّةِ فَإِذَا عَامَّةُ مَنْ يَدْخُلُهَا عَنْ الْمَسَاكِينُ وَإِذَا أَصْحَابُ الجدِ مَحْبُوسُونَ وَإِذَا أَصْحَابُ النَّارِ قَدْ أُمِرَ بِهِمْ إِلَى النَّارِ وَنَظَرْتُ إِلَى النَّارِ فَإِذَا عَامَّةُ مَنْ يدخلها النساء)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَرَنَ عِمْرَانُ بْنُ مُوسَى إِلَى أُسَامَةَ بْنِ زَيْدٍ فِي هَذَا الْخَبَر سَعِيدَ بْنَ زَيْدٍ وَأَنَا أهابه.

الراوي: أُسامَة بْن زَيْدٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 675 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৭৫. উসামা বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমি জান্নাতের দরজায় দাঁড়ালাম, অতঃপর আমি দেখলাম যারা তাতে প্রবেশ করছেন, তাদের অধিকাংশই দরিদ্র মানুষ, আর সম্পদশালী লোকদের আটকে রাখা হয়েছে, জাহান্নামবাসীদেরকে জাহান্নামে প্রবেশ করার নির্দেশ দেওয়া হয়েছে, আমি জাহান্নামের দিকে তাকালাম, আমি দেখলাম যারা জাহান্নামে প্রবেশ করছে, তাদের অধিকাংশই নারী!"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "ইমরান বিন মুসা এই হাদীসে উসামা বিন যায়েদের সাথে সা'ইদ বিন যাইদকেও যুক্ত করেছেন। আমার এই ব্যাপারে এটাই ভয় হয়।"



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৬১১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৬৪; মুসনাদ আহমাদ: ৫/২০৫; সহীহ আল বুখারী: ৫১৯৬; তাবারানী, আল কাবীর: ৪২১; তিরমিযী: ২৬০২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আয য'ঈফা এর ২৮০০ এর আলোচনা দ্রুষ্টব্য।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন